



১০ মার্চ শুরু ফ্যামিলি কার্ড বিতরণ, উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আগামী ১০ মার্চ ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রথম ধাপে দেশের ১৩ জেলার একটি করে ওয়ার্ডে কার্যক্রম শুরু হবে। তদারকির জন্য উপজেলা থেকে ওয়ার্ড পর্যায়ে কমিটি গঠন করা হয়েছে, যেখানে দায়িত্বে থাকবেন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা। অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী—এর সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে সিদ্ধান্ত হয়, পরীক্ষামূলকভাবে সীমিত পরিসরে নয়, বরং ১৩টি উপজেলার ১৩টি ওয়ার্ডে একযোগে কর্মসূচি চালু করা হবে। জাতীয় পরিচয়পত্রের তথ্যের ভিত্তিতে উপকারভোগী বাছাই করা হলেও মার্চপর্যায়ে যাচাই করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হবে। সরকারের মতে, বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে লক্ষ্যভ্রষ্টতার কারণে যে অপচয় হচ্ছে, ফ্যামিলি কার্ড চালু হলে তা কমবে। প্রতিটি কার্ডে পাঁচজন সদস্য অন্তর্ভুক্ত থাকবেন; বড় পরিবার হলে একাধিক কার্ড দেওয়া হবে। সহায়তার অর্থ ব্যাংক বা মোবাইল আর্থিক সেবার মাধ্যমে বিতরণ করা হবে এবং পরিবারের নারী সদস্যকে কার্ডধারী করা হবে।

LENS ASIA